রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে তিন সময়ে আমাদের মৃতদের জানাযা পড়তে এবং তাদেরক কবরস্থ করতে নিষেধ করেছেন

‘উকবা ইবন ‘আমের আল জুহানী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে তিন সময়ে আমাদের মৃতদের জানাযা পড়তে এবং তাদেরক কবরস্থ করতে নিষেধ করেছেন: সূর্য উদয়কালে যতক্ষণ না তা উপরে ওঠে যায়, সূর্য
যখন বরাবর থাকে যতক্ষণ না পশ্চিমাকাশে ঢলে যায় এবং যখন অস্ত যাওয়ার প্রস্তুতি নেয় যতক্ষণ না তা ডুবে যায়।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দিনের তিন সময় নফল সালাত পড়তে এবং তাতে মৃত ব্যক্তিকে দাফন ও কবরস্থ করতে নিষেধ করেছেন: প্রথমবার: যখন সূর্য উপরে ওঠে, অর্থাৎ যখন এটি প্রথম প্রথম উদয় হয় যতক্ষণ না তা একটি বর্শার দৈর্ঘ্যে ওঠে, যা আনুমানিক এক-চতুর্থাংশ ঘন্টা। দ্বিতীয়বার: যখন সূর্য আকাশের মাঝখানে থাকে, তখন পূর্ব বা পশ্চিম দিক থেকে তার ছায়া হয় না যতক্ষণ না এটি আকাশের মাঝখান থেকে অতিক্রম করে। তারপর পূর্ব দিক থেকে ছায়াটি দেখা যায়, তখন থেকে যোহরের সালাতের সময় শুরু হয়, যা খুব অল্প সময়। এটি প্রায় পাঁচ মিনিটের মত। তৃতীয়বার: যখন সূর্য অস্ত যেতে শুরু করে এবং অস্ত যায়।

https://www.sunnah.global/hadeeth/bn/show/10604